# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

স্মারক নম্বর- রাশিবো/০৭/কনি/০১/৪র্থ-২৬৩ তারিখ : ০৪ আগস্ট ২০২৫

**বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা ডাউনলোড ও ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নেয়া প্রসঙ্গে।**

**সূত্র : ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-১৪৬ তারিখঃ ২৪/০৭/২০২৫ খ্রিঃ**
**২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-১৪৭ তারিখঃ ২৪/০৭/২০২৫ খ্রিঃ**

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজ/প্রতিষ্ঠান ভর্তি কার্যক্রম আগামী ০৭/০৯/২০২৫খ্রিঃ তারিখ থেকে ১৪/০৯/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তির ওয়েবসাইট **www.xiclassadmission.gov.bd** এর **College Login** প্যানেলে (কলেজের **EIIN** (ইআইআইএন) ও পার্সওয়ার্ড দিয়ে) লগইন করে ১৪/০৯/২০২৫ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অনলাইনে ভর্তির নিশ্চায়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন নিশ্চায়ন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কলেজে ভর্তির সময় শিক্ষার্থীর এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি জমা নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রয়োজনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেয়া যাবে,তবে শিক্ষার্থী পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করলে মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৪-৮-২৫

প্রফেসর মো. মাহবুব হাসান-৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

০৪/০৮/২৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান